গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamganj.gov.bd

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

বিষয় ঃ উপজেলা পরিষদের জুলাই, ২০২৩ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।
সভাপতি ঃ দেওয়ান আল তানভীর আশরাফী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
সভার তারিখ ঃ ১২ জুলাই, ২০২৩ খ্রিঃ।
সময় ঃ সকাল ১১ .০০ ঘটিকা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভাপতির অনুমতিক্রমে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-৫ ও উপজেলা পরিষদের সম্মানিত উপদেষ্টা জনাব মুহিবুর রহমান মানিক দোয়ারাবাজার উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যানদ্বয়, সকল ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানগণ, সংরক্ষিত মহিলা সদস্যগণ এবং উপজেলা নির্বাহী অফিসার ও বিভাগীয় কর্মকর্তাগণসহ উপস্থিত সবাইকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

তিনি আরো বলেন এ বছর অদ্যবধি তেমন কোন বড় বন্যা হয়নি। তবে ভারতের পানির কারণে বোগলা ইউনিয়নের নদীর বেরীবাঁধ ভেঙ্গে কিছুটা ক্ষয়ক্ষতি হয়েছে। লক্ষীপুর ইউনিয়নের খাসিয়ামারা নদীর পানি বাঁধের উপর দিয়ে প্রবাহিত হলেও জনগণের প্রচেষ্ঠায় বাঁধ রক্ষা করা সম্ভব হয়েছে। খাসিয়ামারা নদীর রাবার ড্যামের উপরের অংশে বালি দ্বারা নদী ভরাট হওয়ার কারণে পানি প্রবাহের বাধা সৃষ্টি হয়। তাই প্রতি বছর নদীর বাধেঁর ঝুকি থেকেই যায়। নদীর বালি উত্তোলন করতে পারলে নদীর গভীরতা সৃষ্টি হবে এতে ঝুকিও কমবে। তিনি নদী খননের উদ্যোগ গ্রহণ করবেন মর্মে উল্লেখ করেন।

মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন দোয়ারাবাজার উপজেলা প্রতি বছর বন্যার কারণের রাস্তা ঘাটের ব্যপক ক্ষতি হয়। গত অর্থ বছরে এবং বর্তমান অর্থবছরেও উপজেলার গুরুত্বপূর্ণ রাস্তাগুলো বিভিন্ন প্রকল্পে অন্তর্ভূক্ত করা হয়েছে। তাছাড়া, এ উপজেলার অনেকগুলো রাস্তা টেন্ডার গত বছর হলেও ঠিকাদার এখনও কাজ শুরু করেননি। বোগলাবাজার হতে বর্ডার হাটের রাস্তা দুই বছর পূর্বে টেন্ডার হলেও ঠিকাদার কিছুদিন হলো কাজ শুরু করেছেন। বোগলাবাজার-বাংলাবাজার রাস্তার কাজ চলমান রয়েছে। অনেকগুলো ব্রিজ ও কালভার্টের কাজ চলমান রয়েছে। এ অর্থ বছরে বরাদ্দ অনুসারে অগ্রাধিকার ভিত্তিতে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। উপজেলার অন্যান্য বরাদ্দগুলো যেন গুরুত্বপূর্ণ স্থানে হয় সেদিকে লক্ষ রেখে কাজ করার জন্য জনপ্রতিনিধিগণকে অনুরোধ জানান।

এরপর বিভাগওয়ারী নিমরূপভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	যোগাযোগ ও ভৌত অবকাঠামো	ক) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি এবং উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে নেয়া প্রকল্পসমূহের কাজ সুষ্ঠু ও সুন্দর ভাবে সমাপ্ত করা হয়েছে। নতুন অর্থ বছরে এখনও কোন বরাদ্দ পাওয়া যায়নি মর্মে তিনি উল্লেখ করেন। খ) চেয়ারম্যান, পান্ডারগাঁও ইউনিয়ন পরিষদ বলেন তাঁর ইউনিয়নের রাস্তা-ঘাটের বেহাল অবস্থা। কৃষ্ণনগর হতে কপলা পর্যন্ত রাস্তায় গর্ত সৃষ্টি হওয়ায় চলাচলের অনুপযোগি হয়ে পড়েছে। তাই রাস্তাটি মেরামত করার অনুরোধ জানান। মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন রাস্তাটি মেরামতের জন্য কয়েকটি প্রকল্পে দেওয়া হয়েছে, চলতি অর্থ বছরে রাস্তাটি মেরামত করা হবে মর্মে তিনি জানান। গ) চেয়ারম্যান, দোহালিয়া ইউনিয়ন পরিষদ বলেন দোহালিয়া হতে ধর্মপুর পর্যন্ত রাস্তাটি পাকাকরণের অনুরোধ জানান। ঘ) চেয়ারম্যান, বোগলাবাজার ইউনিয়ন পরিষদ বলেন পাহাড়ী বন্যায় তাঁর ইউনিয়নের বেরীবাঁধ ভেঙ্গে ব্যপক	ক) এডিপি এবং উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিলে হতে নেয়া প্রকল্পগুলোর কাজ সমাপ্ত করায় উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে ধন্যবাদ জানানো হয়।	উপজেলা প্রকৌশলী দোয়ারাবাজার সুনামগঞ্জ।

ক্রঃ নং	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	যোগাযোগ ও ভৌত অবকাঠামো	ক্ষয়ক্ষতি হয়েছে। ঘ) চেয়ারম্যান, দোয়ারাবাজার ইউনিয়ন পরিষদ বলেন গত বছরের বন্যায় তাঁর ইউনিয়নের ক্ষতিগ্রস্থ রাস্তাগুলো মেরামত করার অনুরোধ জানান। ঙ) চেয়ারম্যান, সুরমা ইউনিয়ন পরিষদ বলেন দোয়ারাবাজার-বোগলাবাজার রাস্তার শান্তিপুর হতে টিলাগাঁও পর্যন্ত ২ কিলোমিটার রাস্তা গত বছর পাকাকরণ করা হয়েছে, রাস্তাটি বাকী প্রায় আরো ২ কিলোমিটার পাকাকরণ করলে লক্ষীপুর, বোগলা ও সুরমা ইউনিয়নের জনগণ দোয়ারাবাজার উপজেলার সাথে যোগাযেগে শান্তিদায়ক হবে। তিনি রাস্তাটি পাকাকরণের জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অনুরোধ জানান। মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন রাস্তাটি প্রাক্কলনসহ কয়েকটি প্রকল্পে দেওয়া আছে, চলতি অর্থ বছরে টিলাগাঁও হতে রাবার ড্যাম পর্যন্ত রাস্তা পাকাকরণ করার আশাবাদ ব্যক্ত করেন। চ) চেয়ারম্যান, লক্ষীপুর ইউনিয়ন পরিষদ গতকাল পাহাড়ী বন্যায় বেরীবাঁধের উপর দিয়ে পানি প্রবাহিত হয়েছে। সাময়িক ভাবে এলাকার মানুষ বস্তা দিয়ে বাঁধটি রক্ষা করেছেন। বাঁধের জন্য জিও বেগ প্রদানের অনুরোধ জানান। ছ) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ ভবনের নিচ তলায় ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান ও উপজেলা হিসাবরক্ষণ অফিসে ৩টি দরজা নষ্ট হওয়ায় ০৩টি দরজা লাগানো এবং নিচের ফ্লোর টাইলস করা প্রয়োজন। উক্ত কাজ বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। জ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা সদরে বিদ্যুতের লোডশেডিং এর কারণে অফিশিয়াল কোন কাজ-কর্ম করা সম্ভব হচ্ছে না। অফিসে প্রতিনিয়ত কাজ করতে হয় তাই তাঁর কার্যালয়ে একটি সোলার আইপিএস সংযোজন করা অতীব জরুরী এবং উপজেলা পরিষদরে আইপিএসটির ব্যাটারীসহ মেরামত করা প্রয়োজন। তিনি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে একটি সোলার আইপিএস সংযোজন এবং এবং উপজেলা পরিষদরে আইপিএসটির ব্যাটারীসহ মেরামত করার জন্য বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। ঝ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদের ৩টি জেনারেটর বহুদিন পূর্ব হতে নষ্ট হওয়ায় পেলে রাখা হয়েছে। জেনারেটর ৩টি নিলামের বিক্রি করার প্রস্তাব করেন। ঞ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদের ৪৫টি চেয়ার গত বছর বন্যায় নষ্ট হওয়ায় ব্যবহার করা যাচ্ছে না। চেয়ারগুলো মেরামত করলে ব্যবহার উপযোগি হবে। তাই চেয়ারগুলো মেরামত করার জন্য প্রস্তাব করেন।	ছ) উপজেলা পরিষদ ভবনের নিচ তলায় ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান ও উপজেলা হিসাবরক্ষণ অফিসে ৩টি দরজা লাগানো এবং নিচের ফ্লোর টাইলস করণে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বরাদ্দ প্রদানের এবং পিআইসির মাধ্যমে কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। জ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে একটি সোলার আইপিএস সংযোজন এবং উপজেলা পরিষদরে আইপিএসটির ব্যাটারীসহ মেরামত করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বরাদ্দ প্রদানের এবং পিআইসির মাধ্যমে কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। ঝ) উপজেলা পরিষদের ৩টি জেনারেটর নিলামের বিক্রি করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। ঞ) উপজেলা পরিষদের ৪৫টি চেয়ার মেরামত করার এবং মেরামতে ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা প্রকৌশলী দোয়ারাবাজার সুনামগঞ্জ।

ক্রঃ নং	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০২	উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প	খ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় এ উপজেলায় অবকাঠামো উন্নয়নমূলক প্রকল্পের জন্য ৪০.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। ৪০.০০ লক্ষ টাকার বিপরীতে স্থায়ী কমিটিসমূহ হতে প্রস্তাবনা পাওয়া গেছে। তিনি প্রস্তবসমূহ সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন এ উপজেলার মাধ্যমিক বিদ্যালয়গুলোতে শিক্ষার্থীর সংখ্যা বেশী হওয়ায় শিক্ষার্থীগণের আসনে সমস্যা রয়েছে বিধায় তিনি মাধ্যমিক বিদ্যালয়গুলোতে বেঞ্চ সরবরাহের অনুরোধ জানান।	খ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বরাদ্দকৃত ৪০.০০ লক্ষ টাকায় অত্র উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসাগুলোতে বেঞ্চ সরবরাহের জন্য অবকাঠামোমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা প্রকৌশলী দোয়ারাবাজার সুনামগঞ্জ।
০৩	ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা	ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। ২০২২-২৩ অর্থ বছরে এ উপজেলায় গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিটা সাধারণ) এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) এর বরাদ্দের বিপরীতে প্রকল্পসমূহের কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে সমাপ্ত হয়েছে। তিনি আরো বলেন এ উপজেলায় বীর মুক্তিযোদ্ধাদের জন্য গৃহ নির্মাণ প্রকল্পে ১ম ও ২য় পর্যায়ে ১০৮ টির মধ্যে ৮৮ টি বীরনিবাস এর কাজ চলমান রয়েছে। বীরনিবাস কাজের তদারকি করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়গণকে বিশেষভাবে অনুরোধ জানান। তিনি আরো বলেন গত বন্যায় দোয়ারাবাজার উপজেলার বাংলাবাজার ইউনিয়নের ০৯ টি মুজিব বর্ষের ঘর সম্পূর্ণভাবে, ০৩টি আংশিক ভাবে এবং মান্নারগাঁও ইউনিয়নের ২টি মুজিব বর্ষের ঘর সম্পূর্ণভাবে ও ৬টি আংশিক ভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে।	ক) ২০২২-২৩ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা সাধারণ) এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) বরাদ্দের বিপরীতে প্রকল্পগুলোর কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে সমাপ্ত করায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজারকে ধন্যবাদ জানানো হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দোয়ারাবাজার সুনামগঞ্জ।
০৪	মাধ্যমিক শিক্ষা	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দোয়ারাবাজার বলেন এ মাসেই তিনি অবসর গ্রহণ করবেন এবং তাঁর জীবনের উপজেলা পরিষদের এটিই শেষ সভা বলে উল্লেখ করেন। তিনি দোয়ারাবাজার উপজেলা প্রায় ৮ মাস কর্তরত ছিলেন। এ সময়ে তিনি উপলব্ধি করেছেন যে দোয়ারাবাজার উপজেলায় শিক্ষার মান আরো উন্নত করা অতীব প্রয়োজন। তিনি বলেন মাননীয় সংসদ সদস্য মহোদয় শিক্ষা বিষয়ে অত্যান্ত আন্তরিক, তাই এ বিষয়ে পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ জানান। তিনি আরো বলেন এ উপজেলায় বিদ্যালয়গুলোর পরিচালনা কমিটিতে বিভিন্ন গ্রুপি থাকায় বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ব্যহত হচ্ছে। পরিচালনা কমিটিতে শিক্ষিত ও মার্জিত ব্যক্তিগণকে অন্তর্ভূক্ত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নজর দেওয়া অনুরোধ জানান। তিনি অবসর কালীন সময়ে যেন সুস্থ ও সুন্দর ভাবে জীবন-যাপন করতে পারে সে জন্য সকলের দোয়া কামনা করেন। মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দোয়ারাবাজার বিদায় বেলায় এ উপজেলার শিক্ষা নিয়ে অত্যান্ত সুন্দর মনোভাব প্রকাশ করেছেন। তিনি বলেন সিলেট বিভাগের মধ্যে এ উপজেলা সবচেয়ে কম শিক্ষিত উপজেলা। ১৯৯৬	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দোয়ারাবাজার এর অবসর কালীন সময় পরিবার-পরিজন নিয়ে সুখে শান্তিতে জীবন-যাপন এবং সুস্থ ভাবে জীবন অতিবাহিত করতে পারেন এই কামনা করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দোয়ারাবাজার

ক্রঃ নং	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০৪	মাধ্যমিক শিক্ষা	সালে তিনি যখন এমপি নির্বাচিত হয়েছেন তখন এ উপজেলায় মাত্র ১৬ টি মাধ্যমিক বিদ্যালয় ছিল। ঐ সময় থেকে তিনি শিক্ষা ব্যবস্থার উন্নয়নে কাজ শুরু করেন এবং ২০২৩ সাল পর্যন্ত এ উপজেলায় ৩৪টি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন রয়েছে। এ উপজেলার প্রতিটি ইউনিয়নে একটি করে স্কুলকে কলেজে রুপান্তরিত করতে সক্ষম হয়েছেন। কোন কোন ইউনিয়নে নতুন মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের কার্যক্রমও গ্রহণ করা হয়েছে মর্মে তিনি উল্লেখ করেন। তিনি অবসর কালীন সময় পরিবার-পরিজন নিয়ে সুখে শান্তিতে যেন জীবন-যাপন এবং সুস্থ ভাবে জীবন অতিবাহিত করতে পারেন এই কামনা করেন।		
০৫	সমাজসেবা বিভাগ	ক) উপজেলা সমাজসেবা অফিসার, দোয়ারাবাজার বলেন কোন ভাতাভোগী মারা যাওয়ার তার তথ্য তাঁর কার্যালয়ে না আসায় ভাতাভোগীর পরিবার ভাতা উত্তোলন করছেন, যা অনৈতিক। তাই কোন ভাতাভোগী মৃত্যুবরণ করলে তার তথ্য প্রেরণ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি আরো বলেন ইতিপূর্বে ২৬২ টি উপজেলা শতভাগ ভাতার আওতায় নেওয়া হয়েছে। এ অর্থ বছরে দোয়ারাবাজার উপজেলা শতভাগ ভাতার আওতায় আনা ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অনুরোধ জানান।	ক) কোন ভাতাভোগী মৃত্যুবরণ করলে তার তথ্য উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়ে প্রেরণ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।	সংশ্লিষ্ট সকল
০৬	খাদ্য বিভাগ	ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন গরীব ও অসহায় মানুষের উপকারান্তে সরকারের বিভিন্ন প্রকল্পে উপজেলা খাদ্য বিভাগ হতে যে চাল প্রদান করা হচ্ছে, তা অত্যন্ত নিম্নমানের বলে অভিযোগ পাওয়া যাচ্ছে। তিনি এ বিষয়ে উপজেলা খাদ্য কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। চেয়ারম্যান, বোগলাবাজার ইউনিয়ন পরিষদ বলেন উপজেলা খাদ্য বিভাগ হতে গত মাসে বিজিডির চাল প্রদান করা হয়েছে, যা খাওয়ার অনুপযোগি। ভবিষ্যতে এ রকম চাল প্রদান করলে তিনি তা গ্রহণ করবেন না মর্মে সভায় জানান। চেয়ারম্যান, দোহালিয়া ইউনিয়ন পরিষদ বলেন উপজেলা খাদ্য বিভাগকে আগেও কয়েক বার বলা হয়েছে যে চালের মান বজায় রাখার জন্য। কিন্তু তারা বার খাওয়ার অনুপযোগি চাল প্রদান করছেন। এতে সরকারের ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে মর্মে তিনি উল্লেখ করেন। উপজেলা খাদ্য কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন এবারের চাল কিছুটা খারাপ তা তিনি নিজেও জেনেছেন। বিষয়টি উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দেখভাল করেন, তারপরও ভবিষ্যতে এরকম পরিস্থিতি আর যেন না হয় সে দিকে লক্ষ্য রাখবেন মর্মে তিনি সভায় জানান।	ক) গরীব ও অসহায় মানুষের উপকারান্তে সরকারের বিভিন্ন প্রকল্পে উপজেলা খাদ্য বিভাগ হতে যে চাল প্রদান করা হবে তা যেন খাওয়ার উপযোগি হয় সে দিকে লক্ষ্য রাখার জন্য উপজেলা খাদ্য কর্মকর্তা, দোয়ারাবাজার অনুরোধ জানানো হয়।	উপজেলা খাদ্য কর্মকর্তা, দোয়ারাবাজার
০৭	জনস্বাস্থ্য বিভাগ	ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন ঠিকাদারের মেস্তরী বিভিন্ন ভাবে টিউবওয়েল এর উপকারভোগীকে হয়রানী করছেন মর্মে অনেক অভিযোগ পাওয়া যাচ্ছে। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন তাঁর ভাইয়ের বাড়ীতে একটি টিউবওয়েল বরাদ্দ	টিউবওয়েল স্থাপনে ঠিকাদারের মেস্তরী যেন উপকারভোগীকে হয়রানী না করে সে ব্যবস্থা গ্রহণের জন্য উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজারকে এবং প্রতিটি ইউনিয়নে ৩টি ল্যাট্রিনের বরাদ্দের বিপরীতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ১টি, উপজেলা পরিষদ ১টি এবং	উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজার

ক্রম নং	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০৭	জনস্বাস্থ্য বিভাগ	দেওয়া হয়েছে। ঠিকাদারের মেস্তরী খাওয়ার পর তাদের থাকা খাওয়া, মাছ এমনকি সাবানটি পর্যন্ত দিতে হচ্ছে। এভাবে যদি মেস্তরীদের খাওয়াতে হয় তাহলে গরীব মানুষের পক্ষে তা খুবই কষ্টকর হবে মর্মে তিনি উল্লেখ করেন। মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন একটি টিউবওয়েল স্থাপনে সরকার অনেক টাকা দিচ্ছে তারপরও যদি ঠিকাদার গরীব মানুষদের সাথে এভাবে হয়রানী করে তাহলে ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজারকে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন উপকোরভোগীদেরকে বলা হয়েছে শুধু থাকার ব্যবস্থা গ্রহণের জন্য খাওয়া কথা কাউকে তিনি বলেননি। অভিযোগে প্রেক্ষিতে তিনি ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে জানান। তিনি আরো বলেন প্রতিটি ইউনিয়নে ৩টি ল্যাট্রিনের বরাদ্দ পাওয়া গেলেও তালিকা এখন পাওয়া যায়নি। তিনি ল্যাট্রিনের তালিকা প্রদানের অনুরোধ জানান। মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন প্রতিটি ইউনিয়নে ৩টি ল্যাট্রিনের বরাদ্দের বিপরীতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ১টি, উপজেলা পরিষদ ১টি এবং তিনি ১টির তালিকা প্রদান করবেন মর্মে তিনি উল্লেখ করেন।	মাননীয় সংসদ সদস্য ১টি করে ৯ ইউনিয়নের তালিকা দ্রুত প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।	
০৮	হাট-বাজার	ক) চেয়ারম্যান, মান্নারগাঁও ইউনিয়ন পরিষদ বলেন গত অর্থ বছরে আমবাড়ী বাজারের ড্রেন নির্মাণের বরাদ্দ প্রদান ও কাজ বাস্তবায়ন করায় এবং জেলা পরিষদ হতে ড্রেন নির্মাণে আরো ২৫.০০ লক্ষ টাকা প্রদান করায় মাননীয় সংসদ সদস্য মহোদয়কে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি আরো বলেন ড্রেন নির্মাণের স্থানে একটি গাছ রয়েছে ঐ গাছটি কর্তন করার অনুরোধ জানান। খ) চেয়ারম্যান, নরসিংপুর ইউনিয়ন পরিষদ বলেন নরসিংপুর বাজারে পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ করা প্রয়োজন। ড্রেন নির্মাণ করতে হলে কয়েকটি গাছ কর্তন করতে হবে, তিনি গাছ কর্তন করার অনুরোধ জানান। তিনি আরো বলেন নরসিংপুর বাজারে ধান বাজার পাকাকরণের ৭,৪৮,১০২ টাকা (১৫%) বরাদ্দ প্রদান করা হয়েছে। ঐ প্রকল্পে ভুলক্রমে ধান বাজারে শেড নির্মাণ কথাটি উল্লেখ করা হয়নি। প্রকল্পটি হবে নরসিংপুর বাজারে ধান বাজারের শেডসহ পাকাকরণ ৭,৪৮,১০২ টাকা (১৫%) । তিনি প্রকল্পটি সংশোধন করার অনুরোধ জানান।	খ) নরসিংপুর বাজারে ধান বাজার পাকাকরণের পরিবর্তে নরসিংপুর বাজারে ধান বাজারের শেডসহ পাকাকরণের ৭,৪৮,১০২ টাকা (১৫%) বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয় এবং কোটেশনের মাধ্যমে কাজ বাস্তাবয়নের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।	সংশ্লিষ্ট সকল
০৯	রাজস্ব তহবিল সংক্রান্ত	ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন ২০২২-২৩ অর্থ বছরের জুন/২৩ মাসে মোট ১০ দিন সরকারী কাজে ও জনস্বার্থে বিভিন্ন এলাকা ভ্রমণ করেন। তাঁর দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার জন্য সভায় জানান। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন ২০২২-২৩ অর্থ বছরের জুন/২৩ মাসে মোট ০৬ দিন সরকারী কাজেও জনস্বার্থে বিভিন্ন এলাকা ভ্রমণ করেন। তাঁর ভ্রমণ ও দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার জন্য সভায় জানান।	ক) চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর ভ্রমণ ও দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার

ক্রঃ নং	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০৯	রাজস্ব তহবিল সংক্রান্ত	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন ২০২২-২৩ অর্থ বছরের জুন/২৩ মাসে মোট ০৬ দিন সরকারী কাজে ও জনস্বার্থে বিভিন্ন এলাকা ভ্রমণ করেন। তাঁর ভ্রমণ ও দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার জন্য সভায় জানান। খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ জুন/২৩ মাসের উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং মাসিক সাধারণ সভায় আপ্যায়ন ২৭,০০০/- টাকার ৫% ভ্যাট ১,৩৫০/- টাকা ও ৩% আয়কর ৮১০/- টাকাসহ মোট ২৯,৫৬৫/- (উনত্রিশ হাজার পাঁচশত পয়ষট্টি) টাকা এবং অফিস সামগ্রী, ফটোকপি, পত্রিকা বিল ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ৪,৫১০/- টাকার ৭.৫% ভ্যাট ২২৬/- টাকা ও ৩% আয়কর ৯০/- টাকাসহ মোট ৪,৮২৬/- (চার হাজার আটশত ছাব্বিশ) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার অনুরোধ জানান। গ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন রাবার ড্যাম হতে নোয়াপাড়া পর্যন্ত রাস্তাটির বিভিন্ন স্থানে বড় বড় গর্ত সৃষ্টি হওয়ায় লক্ষীপুর ইউনিয়নের জনগণের উপজেলা সদরে আসতে মারাত্মক সমস্যায় পতিত হয়েছে। এমতাবস্থায় লক্ষীপুর ইউনিয়ন চেয়ারম্যান গর্ত ভরাটের জন্য একটি আবেদন করেছেন। তিনি আবেদনটি সভায় উপস্থাপন করেন। ঘ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন অজিত চন্দ্র দাস, সদস্য, ৩নং ওয়ার্ড, মান্নারগাঁও ইউনিয়ন পরিষদ, দোয়ারাবাজার বিগত ১০/০৬/২০২৩ তারিখ হতে ভারতে ক্যান্সারের জন্য চিকিৎসাধীন আছেন বিধায় চিকিৎসার জন্য আর্থিক সাহায্যের আবেদন করেছেন। ২য় আবেদনে মোছা: ফিরোজা বেগম তার ছেলে বাকপ্রতিবন্ধী মাঈন উদ্দিন এর লাশ বিগত ২০/০৬/২০২৩ তারিখে সুরমা নদীতে ভেসে উঠে। তিনি একজন অসহায় বিধবা বিধায় আর্থিক সাহায্যের আবেদন করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। (ঙ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর বাসভবনে ইলেক্ট্রিক ওয়ারিং কাজ ও বাল্ব ক্রয়, পাইপ ক্রয় এবং আনসার সদস্যদের জন্য ছাতা, লাইট, তোষক ইত্যাদি ক্রয় ও শ্রমিকদের মজুরী বাবদ ২৩,৮৫০/- (তেইশ হাজার আটশত পঞ্চাশ) টাকা খরচ হয়েছে। উক্ত ২৩,৮৫০/- (তেইশ হাজার আটশত পঞ্চাশ) টাকার ভ্যাট বাবদ ১৭৮৯/- (এক হাজার সাতশত উননব্বই) টাকা এবং আয়কর বাবদ ৭১৬/- (সাতশত ষোল) টাকাসহ সর্বমোট ২৬,৩৫৫/- (ছাব্বিশ হাজার তিনশত পঞ্চান্ন) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ জানান।	খ) উপজেলা পরিষদের জুন/২৩ মাসের আপ্যায়ন এবং অফিস সামগ্রী, ফটোকপি, পত্রিকা বিল ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। গ) রাবার ড্যাম হতে নোয়াপাড়া পর্যন্ত রাস্তাটির বিভিন্ন স্থানের গর্ত ভরাটে উপজেলা রাজস্ব তহবিল হতে ২০,০০০/- (বিশ হাজার) টাকা প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। ঘ) জনাব অজিত চন্দ্র দাসকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা এবং মোছা: ফিরোজা বেগমকে ১০,০০০/- (দশ হাজার) টাকা আর্থিক অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। (ঙ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার এর বাসভবনে ইলেক্ট্রিক ওয়ারিং কাজ ও বাল্ব ক্রয়, পাইপ ক্রয় এবং আনসার সদস্যদের জন্য ছাতা, লাইট, তোষক ইত্যাদি ক্রয় ও শ্রমিকদের মজুরী বাবদ ২৩,৮৫০/- (তেইশ হাজার আটশত পঞ্চাশ) টাকার ভ্যাট বাবদ ১৭৮৯/- (এক হাজার সাতশত উননব্বই) টাকা এবং আয়কর বাবদ ৭১৬/- (সাতশত ষোল) টাকাসহ সর্বমোট ২৬,৩৫৫/- (ছাব্বিশ হাজার তিনশত পঞ্চান্ন) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার

ক্রঃ নং	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		চ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদের জীপ গাড়ীর পাজারো এসি পাম্প নষ্ট হওয়ায় নতুন এসি পাম্প এবং পিছনের এক সেট ব্রেক সু ক্রয় করা হয়। এতে মোট ৬,০৫০/- টাকার ১০% ভ্যাট ৬০৫/- ও ৮% আয়কর ৪৮৪/- টাকাসহ ৭,১৩৯/- টাকা এবং মজুরী ৭৫০/- টাকাসহ সর্বমোট ৭,৮৮৯/- টাকা ব্যয় হয়। উক্ত ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার অনুরোধ জানান।	চ) উপজেলা পরিষদের জীপ গাড়ীর পাজারো এসি পাম্প নষ্ট হওয়ায় নতুন এসি পাম্প এবং পিছনের এক সেট ব্রেক সু ক্রয় করা বাবদ হয় এতে মোট ৬,০৫০/-টাকার ১০% ভ্যাট ৬০৫/- ও ৮% আয়কর ৪৮৪/- টাকাসহ ৭,১৩৯/- টাকা এবং মজুরী ৭৫০/- টাকাসহ সর্বমোট ৭,৮৮৯/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।	

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

১২.০৭.২৩

(দেওয়ান আল তানভীর আশরাফী চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা

তারিখ ঃ- ১২ জুলাই ২০২৩ খ্রিঃ।

স্মারক নং- ০৫,৪৬.৯০৩৩.০০০.০৭.০০৫.২২-৪৪
অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-২২৮, সুনামগঞ্জ-০৫।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৫। জনাব/বেগম ....., ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৬। উপজেলা .....অফিসার (সংশিষ্ট বিভাগ), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৭। চেয়ারম্যান, ...ইউনিয়ন পরিষদ (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৮। জনাব.....।
৯। উপজেলা টেকনিশিয়ান, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। তাঁকে কার্যবিবরণীর কপিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
১০। সংরক্ষণ নথি

১২/৭/২৩

(মোঃ আরিফ মুর্শেদ মিশু)
উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
দোয়ারাবাজার উপজেলা পরিষদ।
e-mail : unodowarabazar@mopa.gov.bd
মোবাইল ঃ ০১৭৩০৩৩১০৮৮